তারিখ . . 30 SEP 2016 . . .
পৃষ্ঠা . . 6 . . . কলাম . . . . . . .

দৈনিক
আমাদের সময়

# সড়কে শুয়ে ধর্মঘটের চেষ্টা স্কুলশিক্ষার্থীদের

চট্টগ্রাম ব্যুরো •

এসএসসি পরীক্ষায় সাতটি সৃজনশীল প্রশ্ন পদ্ধতি বাতিলের দাবিতে নগরীর জিইসি মোড় এলাকায় সড়ক অবরোধ করে বিভিন্ন স্কুলের শিক্ষার্থীরা। গতকাল বৃহস্পতিবার সকালে অন্দোলনের একপর্যায়ে রাস্তায় শুয়ে পড়ে তারা।
এতে নগরীর প্রধান সড়কটিতে গাড়ি চলাচল বন্ধ হয়ে যায়। পুলিশ এসে ধাওয়া দিলে ছোটাছুটি করে রাস্তার দুপাশে সরে পড়ে শিক্ষার্থীরা। কিন্তু স্থান পরিবর্তন করে নগরীর গরীবউল্লা শাহ ও ওয়াসা মোড়ে বিক্ষিপ্তভাবে রাস্তায় অবস্থান নিয়ে ধর্মঘট পালনের চেষ্টা করে তারা। সূত্র জানায়, সকালে নগরীর কয়েকটি সরকারি-বেসরকারি স্কুলের শিক্ষার্থী জিইসি মোড় এলাকায় জড়ো হয়। এ সময় হাতে প্লে-কার্ড নিয়ে ৭টি বিষয়ে সৃজনশীল প্রশ্ন পদ্ধতি বাতিলের দাবিতে স্লোগান দিতে থাকে তারা। একপর্যায়ে সড়কের ওপর শুয়ে বসে অবস্থান ধর্মঘট পালন করে। এ সময় রাস্তায় গাড়ি চলাচল সম্পূর্ণ বন্ধ হয়ে যায়। সড়কের দুপাশে যানজটের সৃষ্টি হয়। খবর পেয়ে পুলিশ এসে প্রথমে হুইসেল দিতে থাকে। এতে কাজ না হওয়ায় ধমক দিয়ে রাস্তা থেকে সরিয়ে দেয় তাদের। এরপরও বিক্ষিপ্তভাবে সড়ক অবরোধের চেষ্টা করে শিক্ষার্থীরা। কিন্তু বারবার পুলিশ আসার হুইসেল শুনেই ছুটে পালিয়ে যায় তারা। খুলশী থানার ওসি নিজাম উদ্দিন আমাদের সময়কে বলেন, নগরীর বিভিন্ন স্কুলের প্রায় তিনশ স্কুল শিক্ষার্থী জিইসি মোড় এলাকায় প্রথমে মানববন্ধনের জন্য জড়ো হয়। কিন্তু একটা সময় স্লোগান দিতে দিতে রাস্তার ওপর দাঁড়িয়ে পড়ে তারা। এতে গাড়ি চলাচল বন্ধ হয়ে সড়কের দুপাশে যানজটের সৃষ্টি হয়। পুলিশের হুইশেল শোনেই রাস্তা থেকে সরে পড়ে তারা। হতহত কিংবা মারধরের কোনো ঘটনা ঘটেনি বলে জানান তিনি।